

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৪৪

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ আরাফা থেকে বের হয়ে মিনার উদ্দেশ্যে বের হওয়ার বিবরণ

ذِكْرُ وَصْفِ خُرُوجِ الْمَرْءِ إِلَى عَرَفَاتٍ وَدَفَعَهُ مِنْهَا إِلَى مِنْ

আরবী

3844 - أَخْبَرَنَا أَبْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرَمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا أَبْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ أَبِي الزُّبِيرِ عَنْ أَبِي مَعْبُدٍ عَنْ أَبْنِ عَبَّاسٍ عَنِ الْفَضْلِ بْنِ عَبَّاسٍ: أَنَّهُ كَانَ رَدِيفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَقَفَ يُهَلِّلُ وَيُكَبِّرُ اللَّهُ وَيَدْعُوهُ فَلَمَّا نَفَرَ دَفَعَ النَّاسُ فَصَاحَ: (عَلَيْكُمْ بِالسَّكِينَةِ) فَلَمَّا بَلَغَ الشِّعْبَ إِهْرَاقَ الْمَاءِ وَتَوَضَّأَ ثُمَّ رَكِبَ فَلَمَّا قَدِمَ الْمُزْدَلَفَةَ جَمَعَ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ فَلَمَّا صَلَّى الصُّبْحَ وَقَفَ فَلَمَّا نَفَرَ دَفَعَ النَّاسُ فَقَالَ: حِينَ دَفَعْتُمْ: (عَلَيْكُمْ بِالسَّكِينَةِ) وَهُوَ كَافٌ رَاحِلَتُهُ حَتَّى إِذَا دَخَلَ بَطْنَ مِنِي قَالَ: (عَلَيْكُمْ بِالحِصَاصِ الْخَذْفِ الَّذِي يُرْمَى بِهِ الْجَمْرَةِ) وَهُوَ فِي ذَلِكَ يُهَلِّلُ حَتَّى رَمِيَ الْجَمْرَةِ.

الراوي : الفضل بن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3844 | خلاصة حكم المحدث: صحيح: م (71 / 4) ، ((صحيح أبي داود)) (1709).

বাংলা

৩৮৪৪, ফ্যল বিন আবাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাহনের পিছনে আরোহী ছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আরাফায়) অবস্থানকালে তাহলীল, তাকবীর দেন এবং দুআ করেন। অতঃপর যখন (মুয়দালিফার উদ্দেশ্যে) রওয়ানা হন, তখন লোকজন দ্রুত চলতে থাকেন। তখন তিনি উচ্চ আওয়ায়ে বলেন, “তোমাদের জন্য জরুরী হলো ধীরস্তিরতা অবলম্বন করা।” অতঃপর যখন তিনি উপত্যকায় পৌঁছেন, তখন তিনি পানি ঢেলে ওয়ু করেন তারপর আবার বাহনে উঠেন। অতঃপর যখন মুয়দালিফায় আগমন করেন, তখন তিনি মাগরিব ও ইশার সাথে একত্রে আদায়

করেন। অতঃপর যখন ফজরের সালাত আদায় করেন, তখন তিনি অবস্থান করেন। অতঃপর যখন তিনি রওয়ানা হন, তখন লোকজন দ্রুত চলতে শুরু করেন। তারা যখন দ্রুত চলেন, তখন তিনি উচ্চ আওয়ায়ে বলেন, “তোমাদের জন্য জরুরী হলো ধীরস্থিরতা অবলম্বন করা।” এসময় তিনি তাঁর উদ্ধীকে ধরে রাখছিলেন। অতঃপর যখন তিনি মিনার প্রাঙ্গনে প্রবেশ করেন, তখন তিনি বলেন, “তোমাদের জন্য জরুরী হলো নুড়ি পাথরের ন্যায় ছোট ছোট কক্ষ সংগ্রহ করা, যা জামরায় নিক্ষেপ করা হবে। এসময়ও তিনি জামরায় কক্ষ নিক্ষেপ না করা পর্যন্ত তালবিয়া পাঠ করছিলেন।”[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৮/৬৯২; মুসনাদ আহমাদ: ১/২১০; নাসাঈ: ৫/২৬৯; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৮৪৩; সুনান বাইহাকী: ৫/১২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭০৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবুল ফাযল আবুস ইবনে আব্দুল মুতালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93183>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন